

ঢাকা, ২৪ জুলাই ২০১৯

আজ বিকাল তিনটায় জাতীয় সংসদ ভবনের পশ্চিম ব্লকের ২য় লেভেলে অবস্থিত কেবিনেট কক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির তৃতীয় বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ, এমপি।

উক্ত বৈঠকে বাংলাদেশী কর্মীদের জন্য নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধান এবং বর্তমান শ্রমবাজার সুসংহত করার বিষয়ে আলোচনা হয়েছে। সদস্যরা বহির্বিশ্বে অবৈধভাবে অবস্থানকারী বাংলাদেশী অভিবাসীদের বৈধকরণ প্রক্রিয়া নিয়ে আলোচনা করেন।

বৈঠকে সদস্যরা নিরাপদ, নিয়মিত, সুষ্ঠু ও দায়িত্বশীল অভিবাসন নিশ্চিত করতে মন্ত্রণালয়কে তদারকি বাড়ানোর এবং প্রবাসীদের জন্য বিভিন্ন কল্যাণমূলক প্রকল্প গ্রহণের পরামর্শ দেন।

এতে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য অধ্যাপক আলী আশরাফ এমপি, মোয়াজ্জেম হোসেন রতন এমপি, পংকজ নাথ এমপি, দিদারুল আলম এমপি, আয়েশা ফেরদৌস এমপি ও প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব রৌনক জাহান, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস এন ডি সি, বিএমইটির মহাপরিচালক মোঃ সেলিম রেজা, বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালক মরন কুমার চক্রবর্তী, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আহমেদ মনিরুজ্জামান প্রবাসী কল্যাণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মাহতাব জাবীন প্রমুখ।

মোহাম্মদ রাশেদুজ্জামান

জনসংযোগ কর্মকর্তা

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

০১৭১২৩৮০৪৩৫.

